প্লাস্টিকের বস্তা ব্যবহার ও সংরক্ষনের দায়ে গাংনীতে দু’জনকে জরিমানা।

পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা ব্যবহার ও সংরক্ষনের দায়ে দু’জনকে অর্থদন্ড প্রদান করেছে ভ্রাম্যমান আদালতের বিচারক নির্বাহী ম্যজিষ্ট্রেট মোঃ মহিদুল হক ও মাহামুদুল ইসলাম।

রবিবার দুপুর ১২টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারের বজলু চাতালের মালিক আঃ রাজ্জাকের ছেলে বজলুকে পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা বব্যবহারের দায়ে ৫ হাজার টাকা ও একই গ্রামের জাকারিয়ার ছেলে রকিবুল ইসলামকে প্লাস্টিকের বস্তা সংরক্ষনের দায়ে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমান আদালতের বিচারগণ জানান প্লাস্টিক ব্যবহারের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় পাট পরিদর্শক মহশীন শিকদার উপস্থিৎ ছিলেন।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –ঝিনাইদহে কৃষকের ধান বিক্রির চেক ছিনতাইয়ে বাঁধা দেওয়ার বাড়ী-ঘর ভাংচুর

জীবননগরে পাঁচটিকে জরিমানা এবং দুটি ইটভাটা বন্ধ

নিয়মনীতি উপেক্ষা করে ইট প্রস্তুত করায় চুয়াডাঙ্গার জীবননগরে

পাঁচটি ইটভাটাকে দুই লাখ ৮০ টাকা জরিমানা এবং অনুমোদনহীন দুটি ইটভাটা বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালতের বিচারক।

মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসনের এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ জীবননগরের পাঁচটি ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, নিয়মনীতি উপেক্ষা করে ইটভাটা স্থাপন ও ইট প্রস্তুতের দায়ে জীবননগর উপজেলার এএনজেএম ব্রিক্সের মালিক জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলমকে দেড় লাখ, এআরবি ব্রিক্সের মালিক আরিফুজ্জামানকে ২০ হাজার, শাহ ইটভাটার মালিক এসএম শামীমকে ৩০ হাজার, সরকার ইটভাটার মালিক শাকিলুজ্জামানকে ৬০ হাজার এবং এমএআর ব্রিক্সের মালিক আসাদুল হককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় অনুমোদন না থাকায় এআরবি ব্রিক্স ও শাহ ইটভাটার কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে মাদকসেবীর কারাদন্ড

ঝিনাইদহে কালীগঞ্জে মাদক সেবনের অভিযোগে আয়ুব হোসেন (৪৫) নামের এক মাদক সেবীকে ৫ দিনের কারাদন্ড ও ৫’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
মঙ্গলবার সকালে কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট ভুপালী সরকার এ দন্ডাদেশ প্রদাণ করেন। আদালত সুত্রে জানা যায়, মঙ্গলবার সকালে মাদক সেবন করা অবস্থায় উপজেলার বাদেডিহি গ্রাম থেকে আয়ুব হোসেনকে আটক করে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়ের কর্মকর্তারা। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৫ দিনের কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা করে আদালতের বিচারক।

ঝিনাইদহ জেলা কারাগারে মাদক মামলার আসামীর মৃত্যু

ঝিনাইদহ জেলা কারাগারে নিজাম উদ্দিন নামে এক মাদক মামলার আসামীর মৃত্যু হয়েছে। সোমবার বিকেলে তার মৃত্যু হয়। তিনি ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর বাজার পাড়ার হিম চাঁদের ছেলে।

ঝিনাইদহ জেল সুপার গোলাম হোসেন জানান, নিজাম উদ্দিন মাদক মামলায় জেলাখানায় আটক ছিলেন। সোমবার বিকেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন।

ঝিনাইদহ সার্কেলে অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশারের যোগদান

ঝিনাইদহ সার্কেলে যোগদান করলেন চুয়াডাঙ্গা জেলা থেকে আসা অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার । তিনি ঝিনাইদহ সদর ও কালীগঞ্জ থানার (সদর সার্কেলে) অতিরিক্ত পুলিশ সুপার হিসাবে সম্প্রতি যোগদান করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া শেষ করে ৩১ তম বিসিএসের মাধ্যমে সহকারি পুলিশ সুপার হিসাবে ২০১৩ সালে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন তিনি।

তার বাড়ি খুলনা জেলার কয়রা উপজেলায়। ইতিপূর্বে তিনি ভোলা, বরিশাল ও চুয়াডাঙ্গা জেলায় সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। এই ব্যাপারে আবুল বাশার সাংবাদিকদের বলেন, ঝিনাইদহের পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান (পিপিএম) এর নির্দেশনা মোতাবেক এ জেলায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রন ও মানুষের সেবা প্রদানের জন্য কাজ করে যাব”।

কোন ধরনের অবৈধ কাজ, অস্ত্র, মাদক, নাশকতা, সন্ত্রাসসহ সকল প্রকার অপরাধ মূলক কর্মকান্ড রুখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

ঝিনাইদহে পর্ণগ্রাফী মামলার বাদী মুক্তিযোদ্ধা পরিবারকে হয়রানি করার অভিযোগ

ঝিনাইদহে গৃহবধু কু-প্রস্তাবে রাজী না হওয়ায় তার নগ্ন ছবি ছড়ানোর অভিযোগে মামলা করায় মুক্তিযোদ্ধা পরিবারকে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে আসামীর স্বজনদের বিরুদ্ধে।

সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করে ভুক্তভোগী গৃহবধু। এসময় তিনি অভিযোগ করেন, ২০১৮ সালে শৈলকুপা উপজেলার চরধলহরাচন্দ্র গ্রামের মৃত ইয়াকুব মন্ডলের ছেলের সাথে বিয়ে হয় একই গ্রামের রাবেয়া আক্তারের।

বিয়ের পর স্বামী সিঙ্গাপুরে পাড়ী জমান। এরপর থেকেই রাবেয়া আক্তারের ভাসুরের ছেলে ইউনুস তাকে কু-প্রস্তাব দিয়ে আসছিল। কুপ্রস্তাবে রাজী না হওয়ায় ইউনুস তার নগ্ম ছবি বানিয়ে গ্রামে প্রচার করতে থাকে। বিষয়টি স্থানীয় চেয়ারম্যানে কাছে জানালেও তারা কোন সুরাহা করতে পারেনি। ভুক্তভোগী বাদী হয়ে শৈলকুপা থানায় পর্ণগ্রাফী নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করে। বর্তমানে মামলার আসামী জেল-হাজতে রয়েছে।

এরপর থেকেই বাদী ও তার পরিবারকে নির্যাতন শুরু করে আসামীর স্বজনরা। বাদী ও তার চাচার বিরুদ্ধে ধর্ষণ চেষ্টা, চুরি-ডাকাতিসহ ৩ টি মামলা দিয়ে প্রতিনিয়ত হয়রানি করে আসছে। সংবাদ সম্মেলন থেকে নির্যাতিতা ও তার পরিবার এর সুষ্ঠু বিচার দাবী করেন।

সংবাদ সম্মেলনে স্থানীয় মুক্তিযোদ্ধা তোয়াজ উদ্দিন, আব্দুল বারিক, শরিফুল ইসলাম, আবু দাউদ, লুৎফর রহমান, আব্দুল কুদ্দুস, সিদ্দিকুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন-এসএসসি পাসে ৮৬ জনকে চাকরি দিচ্ছে বিআরটিসি

মাদকের বিরুদ্ধে কঠোর হওয়ার আহ্বান জানিয়েছেন বিভাগীয় কমিশনার

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে মাদকের বিরুদ্ধে কঠোর হওয়ার আহ্বান জানিয়েছেন খুলনা বিভাগীয় কমিশনার ড. আনোয়ার হোসেন হাওলাদার। রবিবার জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপস্থিত হয়ে তিনি এ আহ্বান জানান। জেলা প্রশাসক নজরুল ইসলামের সভাপতিত্বে রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিভাগীয় কমিশনার বলেন, জেলায় বাল্যবিয়ে রোধ করতে হবে। মাদকের বিরুদ্ধে সোচ্চার হতে হবে। মারণনেশা মাদক আমাদের গোটা

সমাজকে গ্রাস করছে।

দিনের আলোচ্যসূচিতে থাকা জেলা অপরাধ অবস্থা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, অপরাধ দমনে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে সমন্বিত পদক্ষেপ গ্রহণে উৎসাহ প্রদান, যৌনহয়রানি বন্ধে মিডিয়া এবং নারী ও শিশু অধিকার কর্মীদের সমন্বয়ে আলোচনাসহ বিভিন্ন বিষয়ে খোলামেলা আলোচনা এবং কয়েকটি বিষয়ে নেয়া হয় সিদ্ধান্ত ও প্রস্তাবনা।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ ইয়াহ ইয়া খান, সিভিল সার্জনের প্রতিনিধি আবাসিক মেডিকেল ডা. শামীম কবীর, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মনিরা পারভীন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নানসহ জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাবৃন্দ।

মেপ্র/আরএম

আরো পড়ুন-মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় মা ও ছেলে আহত, ছেলেকে পঙ্গুতে রেফার্ড

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানের সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার ৪নং হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান মতির বিরুদ্ধে ফেসবুক, অনলাইন পত্রিকাসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে তথ্য বিভ্রান্ত করে মিথ্যা অপপ্রচার রটানোর বিরুদ্ধে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে লিখিত বক্তব্যপাঠ করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান।

লিখিত বক্তব্যে তিনি জানান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অবর্তমানে

বিধিমোতাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে ১৭ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে দায়িত্ব পালন করে আসছি কিন্তু ঈর্ষানিত হয়ে ইউনিয়নের নাটাবাড়ীয়া গ্রামের বাল্লক মন্ডল, বিল্লাল ও শাহীন সরকারী বিভিন্ন অফিসে আমার নামে মিথ্যা অভিযোগ দাখিল করছে এবং উদ্দ্যেশ প্রণোদিত ভাবে আমার বিরুদ্ধে বিভিন্ন মিডিয়ার সাংবাদিকদের নিকট মিথ্যা তথ্যদিয়ে বিভ্রান্তি মূলক সংবাদ প্রচার করছেন যা সম্পর্ন মিথ্যা ভিত্তিহীন। তিনি আরও বলেন আমি কোন নিয়ম বহির্ভূত কাজের সাথে সম্পৃক্ত নয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইউনিয়নের সচিব শহিদুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ, ইউপি মেম্বর কবির হোসেন, তাইজুল ইসলাম, আবুল হোসেন, আঃ রাজ্জাক, শরিফুল ইসলাম, আমির হোসেন, খলিলুর রহমান, সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য হালিমা খাতুন,ছামছুন্নাহার ও পারুলা খাতুনসহ এলাকাবাসী।

মেপ্র/আরএম

আরো পড়ুন:
গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আব্দুল হাকিমের ইন্তেকাল

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আব্দুল হাকিম
(৭৫) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে শহরের চক্রপাড়ার নিজবাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি দুই মাস আগে হৃদরোগে আক্রান্ত হন। তিনি সদর উপজেলার মদনাডাঙ্গা ধুসার পাড়া গ্রামের সন্তান।মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলেসহ অসংখ্যা গুনাগ্রাহী রেখে গেছেন।

অ্যাড. আব্দুল হাকিম কর্মজীবনে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি হিসেবে একবছর, সাধারণ সম্পাদক হিসেবে একবছর এবং জিপি হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক অ্যাড নজরুল ইসলাম পরিবারের সদস্যদের মারফত জানান, শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় মেহেরপুর পৌর ঈদগাহ ময়দানে জানাযা অনুষ্ঠিত হবে।

মেপ্র/এমইএম

মেহেরপুরে মোস্তফা মহুরির কাছে থেকে মুচলেকা নিলেন এসি ল্যান্ড

মেহেরপুরে জমির নাম খারিজ করার নাম করে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগে গোলাম মোস্তফা নামের এক মুহুরিকে শোকজ করেছে ভূমি কমিশনার মাইনউদ্দিন। পরবর্তিতে ভূমি অফিসে সালিশ বৈঠকে মোস্তফা মহুরি মুচলেকা দিয়ে মুক্তি পেয়েছেন।

বুধবার দুপুরে মেহেরপুর ভূমি অফিসে এ বিষয়ে শুনানী অনুষ্ঠিত হয়।

নাম খারিজের ভুক্তভোগী শাহাবুদ্দিন বলেন, নাম খারিজের নাম করে কয়েক দফায় মোস্তফা মহুরি আমার কাছে থেকে ৩ হাজার ৫শ টাকা নিয়েছেন। কিন্তু সরকারি ফিস হচ্ছে ১১শ ৫০ টাকা।

এছাড়াও বাবা ও এক মেয়ে জানান, তাদের কাছে থেকেও জমির নাম খারিজ করার নামে ৩ হাজার টাকা নিয়েছেন মোস্তফা। পরে আমাদের ৫’শ টাকা ফেরত দিবে বলে জানান। কিন্তু পরে আর আমার টাকা ফেরত নেওয়া হয়নি।

এ বিষয়ে সহকারি কমিশনার (ভূমি) মাঈন উদ্দিন বলেন, ভূমি অফিসের নাম করে কিছু অসাধু মানুষ বিভিন্ন ভাবে সাধারণ জনগনের সাথে অতিরিক্ত অর্থ আদায় করছে। এমন অভিযোগের ভিত্তিতে মোস্তফা নামের এক মুহুরিকে তলব করা হয়। সে অতিরিক্তি অর্থ আদায় করেছে বলে

স্বিকার করে। পরে তাকে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়।

তিনি আরও বলেন, মেহেরপুর ভূমি অফিসের শুধু মাত্র সরকারি ফিস দিতে হয়। এখানে অতিরিক্ত কোন অর্থ লাগেনা। আমরা জনগনকে সঠিক সেবা দিতে বদ্ধ পরিকর। ভূমি অফিসের নামে যদি কেউ অতিরিক্ত অর্থ আদায় করে তাহলে তার বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নেওয়া হবে।

এসময় সাধারণ জনগনের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা যারা ভূমি সেবা নিতে চান তারা সরাসরি আমাদের অফিসে যোগাযোগ করবেন। কোন রকম দালাল এর হাতে জমি সংক্রান্ত কোন বিষয়ে সহযোগীতা চাইবেন না।

মেপ্র/এমইএম